# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসে যে সংখ্যা উল্লেখ করা হয়েছে, তার চেয়ে কম দিনের সফরের বৈধতা উদ্দেশ্য নয় মর্মে পঞ্চম হাদীস

ذِكْرُ خَبَرٍ خَامِسٍ يَدُلُّ عَلَى أَنَّ هَذَا الزَّجْرَ الَّذِي قُرِنَ بِهَذَا الْعَدَدِ لَمْ يُرِد بِهِ إِبَاحَةَ مَا دُونَهُ

আরবী

2716 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا تُسَافِرِ الْمَرْأَةُ بَرِيداً إلا مع ذي محرم)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2715 | خلاصة حكم المحدث: شاذ ـ ((الضعيفة)) (5727)، ((ضعيف أبي داود)) (304).
قَالَ أَبُو حَاتِمٍ سَمِعَ هَذَا الْخَبَرَ سُهَيْلُ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَسَمِعَهُ مِنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

২৭১৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কোনো মহিলা যেন মাহরাম ছাড়া একটি বারীদ (প্রায় ১২ মাইল বা প্রায় ২০ কিমি) দূরত্বেও ভ্রমণ না করে।" [1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি সুহাইল বিন আবী সালিহ তার বাবার সূত্রে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেছেন এবং তিনি সা‘ঈদ আল মাকবুরীর মাধ্যমেও আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেছেন। কাজেই হাদীসটির দুটো সানাদই মাহফূয বা সহীহ।”

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/১৩৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫২৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে শায বা দুর্বল বলেছেন। (যঈফ আবূ দাঊদ: ৩০৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন